

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৯৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ আমরা যে হাদীস বর্ণনা করলাম তার শব্দ ব্যাখ্যা প্রসঙ্গে

ذِكْنُ تَفْصِيلِ لَفْظِ الْخَبَرِ الَّذِي ذَكَرْنَاهُ

## আরবী

3098 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّد الْهَمْدَانِيُّ حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا عِمْرَانُ الْقَطَّانُ عَنْ قَتَادَةَ: عَنْ أَنَسِ بْنِ مَالِك عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قال: (لِابْنِ آدَمَ ثَلَاثَةٌ أَخِلَّاءُ: أَمَّا خَلِيلٌ فَيَقُولُ: مَا أَنْفَقَتْ فَلَكَ وَمَا أَمْسَكَتْ فَلَيْسَ وَسلم قال: (لِابْنِ آدَمَ ثَلَاثَةٌ أَخِلَّاءُ: أَمَّا خَلِيلٌ فَيَقُولُ: أَنَا مَعَكَ فَإِذَا أَتَيْتَ بَابَ الْمَلِكِ تَرَكْتُكَ وَرَجَعْتُ فَلَلْكَ لَكَ فَهَذَا مَالُهُ وَأَمَّا خَلِيلٌ فَيَقُولُ: أَنَا مَعَكَ حَيْثُ دَخَلْتَ وَحَيْثُ خَرَجْتَ فَهَذَا عَمَلُهُ أَمْلُكُ وَمَا أَمْسَكَتُ فَيَقُولُ: إِن كنت لأهون الثلاثة علي) فَيَقُولُ: إن كنت لأهون الثلاثة علي) الراوي : أنس بن مَالِك المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3098 اخلاصة حكم المحدث: حسن صحيح – ((الصحيحة)) الصفحة أو الرقم: 3098 اخلاصة حكم المحدث: حسن صحيح – ((الصحيحة))

## বাংলা

৩০৯৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আদম সন্তানের তিনটি বন্ধু আছে। এক বন্ধু বলে, "যা তুমি খরচ করেছো, তা তোমার, আর যা তুমি ধরে রেখেছো, তা তোমার নয়।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এটা হলো তার সম্পদ।" আরেক বন্ধু বলে, "আমি তোমার সাথে আছি। অতঃপর যখন তুমি তোমার মালিকের দরজায় যাবে, তখন আমি তোমাকে ছেড়ে চলে আসবো।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এরা হলো তার পরিবার-পরিজন।" আর তৃতীয় বন্ধু বলে, "আমি তোমার সাথেই থাকবো, তুমি যেখানেই প্রবেশ করো না কেন অথবা যেখানেই বের হয়ে যাও না কেন?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এটা হলো তার আমল।" তখন সেই ব্যক্তি বলবে, "এই তিনটির মাঝে তুমিই তো আমার কাছে সবচেয়ে বেশি নগণ্য জিনিস হিসেবে বিবেচিত ছিলে!"[1]



## ফুটনোট

[1] আত তায়ালিসী: ২০১৩; হাকিম: ১/৩৭১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ৩২৯৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন